

অথবা

- ৬। “দেবতা যেখানে ছিল সেথা জ্বলাইতে গেলে ধূপ / সেখানে বিদ্রপ”
— ‘দুর্ভাগিনী’ কবিতার এই উচ্চারণের তাৎপর্য বিশ্লেষণ করো।

১০

- ৭। ‘বিজয়িনী’ কবিতার গল্প-কাঠামোটি আলোচনা করে এ রচনায়
রবীন্দ্রনাথের মৌল পরিকল্পনাটি স্পষ্ট করো।

১০

অথবা

- ৮। প্রাথমিক খসড়ার ‘স্বর্গপথে’ কয়েক ধাপে ‘কল্পনা’ কাব্যগ্রন্থের
‘দুঃসময়’ কবিতায় এসে পৌঁছেছিল। খসড়ার বর্জিত অংশের বদলে
যে নতুন স্তবকগুলি জুড়েছেন রবীন্দ্রনাথ সেগুলি কীভাবে এই নতুন
নামের সঙ্গে কবিতাটিকে সংগতিপূর্ণ করেছে বুঝিয়ে দাও।

১০

অথবা

- ৯। উপযুক্ত উদ্ধৃতিসহ ‘অনন্ত প্রেম’ কবিতায় উপস্থাপিত প্রেম-ভাবনার
স্বরূপটি পরিস্ফুট করো।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি.-২.৪

বাংলা কবিতা - পর্ব-১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। সব প্রশ্নের মান সমান।

- ১। ‘স্বপ্ন-প্রয়াণ’ কাব্যের সাতটি সর্গে বিভিন্ন রসের কথা এসেছে। একটি
সর্গে কখনও একাধিক রসের উল্লেখ আছে। এই কাব্যে রসের
অভিব্যক্তি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

১০

অথবা

- ২। “স্বপ্ন-প্রয়াণ যেন রূপকের রাজপ্রাসাদ” — এই মন্তব্যের তাৎপর্য
বিশ্লেষণ করো।
- ৩। মধুসূদন দত্তের ‘মেঘনাদবধ কাব্য’কে ‘ধ্রুপদী মহাকাব্য’ হিসাবে কি
পড়া যায়? যুক্তিসহ তোমার মতামত দাও।

১০

১০

অথবা

- ৪। “গাইব, মা, বীররসে ভাসি,/ মহাগীত”— ‘মেঘনাদবধ কাব্য’র
শুরুতে বীররসের মহাকাব্য রচনার প্রতিশ্রুতি থাকলেও, শেষ পর্যন্ত
মধুসূদন সেই প্রতিশ্রুতি কি রক্ষা করতে পেরেছিলেন? উদাহরণ ও
যুক্তিসহ তোমার বক্তব্য বিশ্লেষণ করো।

১০

- ৫। “বিধাতা কি আবার বসবেন সাধনা করতে / যুগযুগান্তর ধরে” —
‘শ্যামলী’ কাব্যগ্রন্থের ‘আমি’ কবিতায় স্বয়ং বিধাতার এই
সাধক-রূপের তাৎপর্যের সঙ্গে কবিতার নামের তাৎপর্য কীভাবে যুক্ত
হয়ে আছে, বুঝিয়ে লেখো।

১০

[Turn over